



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd



স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৭.২১- ১১৪

তারিখ : ০২ আগস্ট, ২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে ৬ষ্ঠ, ৭ম, ৮ম শ্রেণী (জানুয়ারী-জুন, ২০২২), নবম ও দশম শ্রেণী (জানুয়ারী-জুন, ২০২২), একাদশ ও দ্বাদশ শ্রেণী (জুলাই-ডিসেম্বর ও ২০২১, জানুয়ারী-জুন, ২০২২), ডিপ্লোমা ১ম পর্ব (জুলাই-ডিসেম্বর, ২০২১), ডিপ্লোমা ৬ষ্ঠ ও ৮ম পর্ব (জানুয়ারী-জুন, ২০২১) মেয়াদে উপবৃত্তি প্রদানের নিমিত্তে MIS-এ Data Entry-এর সময় শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক কতিপয় ভুলের জন্য নিম্নলিখিত চারটি কারণে শিক্ষার্থীর তথ্য DTE MIS-এ এন্ট্রি থাকা সত্ত্বেও শিক্ষার্থীরা উপবৃত্তি প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছে:

(ক) প্রতিষ্ঠান হতে Data Entry করার পরে MIS এর মাধ্যমে সেই Data আঞ্চলিক পরিচালক কার্যালয়ে প্রেরণ করা হয়নি (MIS status: New) এমন শিক্ষার্থী;

(খ) আঞ্চলিক পরিচালক কার্যালয়ে যাচাই-বাছাই এর পর Data সংশোধনের জন্য প্রতিষ্ঠানে Data ফেরৎ দেওয়া হলেও প্রতিষ্ঠান কর্তৃক সে সকল Data সংশোধন করে পুনরায় সংশ্লিষ্ট RDO-তে প্রেরণ করেন নি এমন শিক্ষার্থী;

(গ) প্রতিষ্ঠান কর্তৃক Semester/ Class (৬ষ্ঠ, নবম, একাদশ শ্রেণী ও ডিপ্লোমা ১ম সেমিস্টার ব্যতীত) Update করা হয় নি এমন শিক্ষার্থী; এবং

(ঘ) জুলাই-ডিসেম্বর, ২০২১ মেয়াদের ৯ম শ্রেণীর (ভর্তির বছর ২০২১) শিক্ষার্থীদের সাথে জানুয়ারী-জুন, ২০২২ মেয়াদের ৯ম শ্রেণীর (ভর্তির বছর ২০২২) শিক্ষার্থীদের Data Entry করার কারণে জানুয়ারী-জুন, ২০২২ মেয়াদের ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের নিষ্ক্রিয় করা হয়েছে এমন শিক্ষার্থী।

২। উল্লিখিত কারণসমূহের জন্য বাদ পড়া কারিগরি শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত ছক অনুযায়ী Microsoft Excel ফাইলে ইংরেজিতে (Times New Roman, 12 Font Size) সকল তথ্য পূরণ করে প্রেরণ করতে হবে:

BTEB Institute Code 6 digits	Institute Name as per MIS	District	Student's Name	Student's ID (from MIS)	Class/ semester	Admission Year

৩। শিক্ষার্থীদের তথ্য উপর্যুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক কার্যালয়ে আগামী ১৬ আগস্ট, ২০২২ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট ছকের কোন ঘর ফাঁকা রাখা যাবে না এবং কোন সেল কে মার্জড করা যাবে না।

৪। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত উক্ত তথ্য যাচাই করে সঠিক ফরম্যাটে সন্নিবেশিত করে সফট কপি আগামী ২৫ আগস্ট, ২০২২ খ্রি. তারিখের মধ্যে ফরোয়ার্ডিংসহ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮

বিশেষ নির্দেশনাঃ

- (ক) ইতোমধ্যে যেসকল শিক্ষার্থীর Data MIS-এ Entry করা হয়েছে কিন্তু উপবৃত্তি প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছে, শুধুমাত্র তাদের তথ্য MS Excel-এ প্রেরণ করতে হবে। কোন নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করে প্রেরণ করার প্রয়োজন নেই।
- (খ) MIS-এর অধিভুক্ত Data-এর বাইরে অন্য কোন Data অন্তর্ভুক্ত করা হলে তাদের উপবৃত্তি প্রদান স্থগিত রাখা হতে পারে;
- (গ) বিজ্ঞপ্তিটি খুব ভালোভাবে পড়ে সে মোতাবেক তথ্য প্রদান করতে হবে। এ-ব্যাপারে প্রয়োজনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি সেলের সাথে যোগাযোগ করা যেতে পারে।



(ড. মোঃ ওমর ফারুক)

০২/০৮/২০২২

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

- ১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর বিভাগ।
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট, কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি কার্যক্রমে (DTE MIS) অন্তর্ভুক্ত সকল সরকারি/বেসরকারি পলিটেকনিক, মনোটেকনিক, সংযুক্ত/ স্বতন্ত্র, ভোকেশনাল স্কুল/মাদ্রাসা।

সদয় অবগতি ও কার্যক্ষেত্রে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল/ পলিটেকনিক/ পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রোগ্রাম এন্ট্রিকিউটিভ এক্স কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, রমনা, ঢাকা।
- ৩। নিস্টেম অ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪-৫। সহকারি পরিচালক-১, ১০ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬-৭। সহকারি পরিচালক (ভোকেশনাল-১ ও ২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট নথি।